

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরে-ই বাংলা নগর, ঢাকা-১২০৭
www.nbr.gov.bd

তারিখঃ ২২ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

২০২৫ সালের জুলাই-আগস্ট মাসে রাজস্ব আদায়ে ২১ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হয়েছে

২০২৫-২০২৬ অর্থবছরের আগস্ট মাসে জাতীয় রাজস্ব বোর্ডের মোট আদায়ের পরিমাণ ২৭,১৭৪ কোটি টাকা। বিগত ২০২৪-২০২৫ অর্থ বছরের একই মাসে রাজস্ব আদায়ের পরিমাণ ছিল ২৩,০৮৯.৩৭ কোটি টাকা। আগস্ট-২০২৫ মাসে বিগত আগস্ট-২০২৪ মাসের তুলনায় ৪০৮৪.৫ কোটি টাকা বেশি রাজস্ব আদায় হয়েছে, অর্জিত প্রবৃদ্ধির হার ১৮%।

২০২৫ সালের জুলাই-আগস্ট এই দুই মাসে মোট রাজস্ব আদায় হয়েছে ৫৪,৪২৩.০০ কোটি টাকা। ২০২৪ সালের একই সময়ে মোট রাজস্ব আদায়ের পরিমাণ ছিল ৪৫,০০৫.১৬ কোটি টাকা। এ বছরের জুলাই-আগস্ট এই দুই মাসের রাজস্ব আদায়ে ২১% হারে প্রবৃদ্ধি অর্জিত হয়েছে।

আগস্ট'২৫ মাসে স্থানীয় পর্যায়ের মুসক খাত থেকে সবচেয়ে বেশি ১১,০৮৫ কোটি টাকা রাজস্ব আদায় হয়েছে। গত অর্থ বছরের আগস্ট'২৪ মাসে এই খাতে আদায়ের পরিমাণ ছিল ৮,২৮৩.১৫ কোটি টাকা। আগস্ট-২০২৫ মাসে স্থানীয় পর্যায়ের মুসক আদায়ের প্রবৃদ্ধির হার ৩৩.৮৩%।

আয়কর ও ভ্রমণ কর খাতে আগস্ট'২৫ মাসে রাজস্ব আদায় হয়েছে ৮,৪৪২ কোটি টাকা যা আগস্ট'২০২৪ মাসের একই খাতে আদায়কৃত ৬,৭৯৮.৭৩ কোটি টাকার চাইতে ১,৬৪৩ কোটি টাকা বেশি। আয়কর ও ভ্রমণ করের ক্ষেত্রে আগস্ট- ২০২৫ মাসের আদায়ের প্রবৃদ্ধির হার ২৪.১৭%।

২০২৫-২০২৬ অর্থবছরের আগস্ট মাসে আমদানি ও রপ্তানি খাতে রাজস্ব আদায় হয়েছে ৭,৬৪৭ কোটি টাকা। গত অর্থবছরের আগস্ট'২৪ মাসে এই খাতে আদায় ছিল ৮,০০৭.৬২ কোটি টাকা। আইবাস প্লাস প্লাস সিস্টেমে অর্থনৈতিক কোড পরিবর্তনজনিত কারণে কাস্টমস হাউসসমূহের উল্লেখযোগ্য পরিমাণ রাজস্ব সেপ্টেম্বর'২০২৫ মাসে জমা হবার কারণে এই খাতে আগস্ট ২০২৫ মাসে ঋণাত্মক প্রবৃদ্ধি হয়েছে।

রাজস্ব আদায়ে প্রবৃদ্ধির এ ধারাকে আরও জোরালো করতে জাতীয় রাজস্ব বোর্ডের নিবেদিতপ্রাণ কর্মীগণ কর নেট সম্প্রসারণ, কর পরিপালন নিশ্চিতকরণ এবং কর ফাঁকি উদঘাটন কার্যক্রম বেগবান করতে নিরলসভাবে কাজ করছে। সম্মানিত করদাতাগণ আইনের সুষ্ঠু পরিপালনের মাধ্যমে সময়মত যথাযথ পরিমাণ কর পরিশোধ করে দেশ গড়ার কাজের গর্বিত অংশীদার হবেন মর্মে জাতীয় রাজস্ব বোর্ড আশাবাদী।

-জাতীয় রাজস্ব বোর্ড